

লোকটা বকবক করে, আর
বলরাম বসাক

অভ্যাসবশত লোকটা বকবক করে
অভ্যাসবশত বেশ করে খায় ও ঘুমোয়
অভ্যাসবশত কিছু করে, কিছুটা করে না
মাঝে মাঝে রেগে যায় যদি কেউ তপ মারে

অভ্যাস বহির্ভূত যেটা করে, জুতো উলটো পালটা পরে হাঁটে
অভ্যাস বহির্ভূত লঠন জ্বালা থাকে লোডশেডিং শেষ হলেও অনেকক্ষন
অভ্যাস বহির্ভূত দেখে চোখ পাকিয়ে কীভাবে লাটু ঘুরে ঘুরে
থেমে যায়। তক্ষুনি রেগে মেগে ‘লেত্তি’ -কে প্রশ্ন তার ‘ঘোরাস কেন?’

অনভ্যাসবশত মুখ ফসকে প্রশ্নও তোলেন
‘বাঘকে রাজ্যটা দান করে দিলে ক্ষতি কী ?
আমরা খাঁচায় ঢুকে আয়ুগুলো গুনে গুনে শেষ করে দিতে পারি
না কি ? মরে গেলে সবই তো ভ্যানিশড। পৃথিবীটা কোথায় থাকে?’